



# STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No-SOZO 1220)

BENFISH Building, (3<sup>rd</sup> Floor), Kolkata-91

Website: [sfoawb.org.in](http://sfoawb.org.in) e-mail: [sfoawbcolotola@gmail.com](mailto:sfoawbcolotola@gmail.com)

Ref. No.: 009/SFOAWB

Date: 25<sup>th</sup> January, 2023

প্রতি,  
সকল সদস্য,  
স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল।

বিষয়: সংগঠনের সুবর্ণ জয়ন্তী বর্ষ পূর্তির শুভেচ্ছা ও সদস্যদের প্রতি সংগঠনের আবেদন

প্রিয় সাথি,

ইংরাজী নববর্ষ 2023 এর আন্তরিক অভিনন্দন আপনাকে ও আপনার পরিবারের সকলকে। আগামীর দিনগুলি আনন্দে, সুখে, শান্তিতে ভরে থাকুক - এই প্রার্থনা করি।

আমরা আনন্দিত, আপ্ত, গর্বিত, আবেগতড়িত আমাদের প্রিয় সংগঠন স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল পঞ্চাশটি বছর পূর্ণ করে ফেলল। প্রিয় সংগঠনের পঞ্চাশ বছর পূর্তির গৌরবগাঁথায় সংগঠনের প্রাক্তন ও বর্তমান সকল সদস্য এবং শুভানুধ্যায়ীদের অনেক অনেক শুভেচ্ছা অভিনন্দন ও কৃতজ্ঞতা। বিগত একটি বছর ধরে মূলত মৎস্যজীবী/ মৎস্য চাষী কেন্দ্রিক একাধিক সময়োপযোগী কর্মসূচির মাধ্যমে আমরা সংগঠনের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন করছি।

এই গর্বের মুহূর্তে রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয় মৎস্যমন্ত্রী শ্রী বিপ্লব রায় চৌধুরী, মৎস্য দপ্তরের সকল দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও কর্মচারী এবং রাজ্যের সকল মৎস্যজীবী/ মৎস্য চাষীদের অন্তরের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

মৎস্য দপ্তরের সকল স্তরের আধিকারিকদের নিয়ে গঠিত স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল, প্রবীনের অভিজ্ঞতা ও তারুণ্যের তেজের উপর ভরসা রেখে সংগঠনের সকল সদস্যের আন্তরিক অংশগ্রহণের মাধ্যমে তার সদস্যদের স্বার্থ সুরক্ষা, রাজ্যের প্রায় 35 লক্ষ মৎস্যজীবী/ মৎস্য চাষীদের আর্থসামাজিক উন্নয়ন ও সার্বিকভাবে মৎস্য দপ্তরকে শ্রেষ্ঠত্বের সিংহাসনে প্রতিষ্ঠিত করতে বদ্ধ পরিকর।

বন্ধু, সামাজিক প্রেক্ষাপটে, আমাদেরকে অনেক রকমের ভূমিকায় উত্তীর্ণ হতে হয় তার মধ্যে আমি এখানে তিনটি গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করতে চাই যার প্রথমটি হল আমরা প্রত্যেকে আমাদের নিজ-নিজ পরিবারের একজন অতি গুরুত্বপূর্ণ অর্থ উপার্জনকারী সদস্য তথা বেশিরভাগ ক্ষেত্রেই পরিবারের কর্তা। নিজের পরিবারটিকে সুস্থ, সুন্দর, সুখি, শান্তিময় ও আনন্দঘন করে রাখার সর্বাত্মক চেষ্টা আমরা সকলেই করে থাকি ও অবশ্যই তা করা উচিত।

দ্বিতীয়ত, মাছের কাজে যুক্ত প্রান্তিক মৎস্যজীবী/ মৎস্য চাষীদের স্বার্থ সুরক্ষা ও তাদের আর্থসামাজিক উন্নয়নে পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরের একজন একনিষ্ঠ সৈনিক হিসাবে আমাদের উপর যে দায়িত্ব অর্পিত হয়েছে তা আমরা সকলে পালন করে চলেছি ও আগামীদিনেও সততা, শ্রদ্ধা ও নিষ্ঠার সঙ্গে তা পালন করার অঙ্গিকার গ্রহন করছি। কোনো প্রকার পলোভনের ফাঁদ যাতে আমাদের পথভ্রষ্ট না করে সেদিকে আমাদের সকলকে সতর্ক ও সজাগ থাকতে হবে।


আমাদের জীবনের তৃতীয় গুরুত্বপূর্ণ বিষয়টি অবশ্যই আমাদের প্রিয় সংগঠন, স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল। এই সু-প্রাচীন, প্রগতিশীল ও মৎস্য দপ্তরের সকল স্তরের আধিকারিক নিয়ে গঠিত সংগঠনের প্রতি আমাদের অন্তরের ভালোবাসা ও কৃতজ্ঞতা প্রকাশ করি। আমাদের পারিবারিক সুখ-সমৃদ্ধি বজায় রাখা ও কর্মক্ষেত্রে মাথা উঁচু করে এগিয়ে চলার শক্তিশালী হাতিয়ার স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল। সকল সদস্য বন্ধুদের স্বার্থ সুরক্ষায় ও মৎস্য দপ্তরের সার্বিক উন্নয়নে আগামীদিনে সংগঠন আরো যত্নবান, তৎপর ও আগ্রাসী হবে। মৎস্য দপ্তরের পুনর্বিদ্যায়, জেলা মীনাধিকারিক সহ সকল উচ্চ পদে পদোন্নতি, মৎস্য সম্প্রসারণ আধিকারিকের শূন্য পদগুলিতে দ্রুত সরাসরি নিয়োগ ও সদস্য বন্ধুদের সুষ্ঠু বদলির ক্ষেত্রে সংগঠনের আন্তরিক ও সর্বাত্মক প্রয়াস জারি থাকবে। সংগঠনের গঠনতন্ত্রের প্রতি সম্মান রেখে সংগঠনের একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসাবে আপনার সাংগঠনিক দায়বদ্ধতা নিষ্ঠা ও শ্রদ্ধার সঙ্গে পালন করবেন এই বিশ্বাস আমাদের রয়েছে। ব্লক, জেলা, জোন ও রাজ্য পর্যায়ে বিভিন্ন সাংগঠনিক কার্যপ্রক্রিয়ায় আপনার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও প্রতিটি সাংগঠনিক নির্দেশকে 100% সাফল্যমণ্ডিত করার দৃঢ়তা একান্তভাবে কামনা করি।

‘আমাদের সংগঠন আমাদের আর একটি পরিবার’ এই ভাবনা প্রত্যেকের হৃদয়ে প্রতিটি মুহূর্তে বিরাজ করুক - এই প্রার্থনা করি।

ভালো থাকুন, ভালো রাখুন।

ধন্যবাদ সহ,

আপনাদের বিশ্বস্ত,



(শ্রী দেবশীষ হালদার)

সাধারণ সম্পাদক

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল